

উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম আগষ্ট/২০২১ইং মাসে অনুষ্ঠিত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

সভার তারিখ ও সময় : ২২/০৮/২০২১খ্রিঃ ১১.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তন, রাঙ্গুনিয়া।

সভার উপস্থিত সদস্যবৃন্দের নাম :

- ১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সভাপতি।
- ২। চেয়ারম্যান, চন্দ্রঘোনা ইউনিয়ন পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সদস্য।
- ৩। চেয়ারম্যান, পারুয়া ইউনিয়ন পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সদস্য।
- ৪। চেয়ারম্যান, বেতাগী ইউনিয়ন পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সদস্য।
- ৫। প্রধান শিক্ষক, মরিয়ম নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়, রাঙ্গুনিয়া, - সদস্য।
- ৬। মোঃ রাসেল চৌধুরী, সমাজ সেবক, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সদস্য।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম - সদস্য সচিব।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনং	বিষয়	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত/বাস্তবায়ন
১।	অবকাঠামোগত সমস্যা আলোচনা ও সিদ্ধান্ত	সভাপতি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সেবা সমূহ এর বিশদ আলোচনা করেন। আলোচনায় হাসপাতালের বিভিন্ন সুযোগ সুবিধা ও সমস্যার আলোকপাত করেন। সভায় কমিটির সদস্য সচিব অবকাঠামোগত সমস্যা সমূহ নিয়া আলোকপাত করেন। দীর্ঘদিনের পুরানো হাসপাতাল ভবন ৫০ শয্যায় উত্তীর্ণ হওয়ায় নতুন ভবনের স্বল্পতায় রোগীদের সেবা কার্যক্রম ব্যাহত হওয়ায় রোগীর যথেষ্ট ভীড় লেগে থাকে। তাই পুরানো জরাজীর্ণ অংশ মেরামত ও সংস্কার জরুরী ভিত্তিতে প্রয়োজন। কমিটি সকল সদস্য অত্র স্বাস্থ্য কমপ্লেক্সটি ১০০ শয্যায় রূপান্তরে একমত পোষণ করেন। ইহা ছাড়া কর্মকর্তা/কর্মচারীদের আবাসিক সংকট নিরসন প্রয়োজন। আবাসিক এলাকায় আন্তঃযোগাযোগ উন্নয়ন জরুরী। সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন।	অবকাঠামোগত সমস্যা সমূহ সমাধানে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট অবহিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া।

তারিখ- ২২/০৮/২০২১ইং।

স্মারক নং- উপঃস্বঃকমঃ/রাঙ্গু/চট্ট/২০২১/৪০০২/৭(৩)

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

২। উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

৩। জনাব

৪। অফিস কপি।

স্বাক্ষরিত/-

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

ও

সদস্য সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

উপজেলা পরিষদ, রাঙ্গুনিয়া।